এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

দিনাজপুর বোর্ড – ২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক – বিভাগ

১। সিয়াম কোম্পানি লি ঃ এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। এই অনুমোদিত মূলধন প্রতিটি ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হল ঃ

রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ইস্যুকৃত ও তলবকৃত মূলধন (৬,২৫০ শেয়ার)		৬,২৫,০০০
১৪% বিনিয়োগ ও ১২% ঋণপত্র	৯০,০০০	১,০০,০০০
কলকজা ও যন্ত্রপাতি	২,৬০,০০০	
আসবাবপত্র	৮৪,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৭৫,০০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	২,৫০,০০০	৫,৮০,০০০
পণ্য ফেরত	১০,০০০	১৫,০০০
মজুরী	৩০,০০০	
বেতন	৬০,০০০	
ভাড়া	৪৮,০০০	
ঋণপত্রের সুদ	৭,০০০	
বিজ্ঞাপন খরচ	৩২,০০০	
অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি	১২,০০০	৯,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,১০,০০০	৫০,০০০
বহিঃ পরিবহন	১১,০০০	
ভূমি ও দালান	৩,০০,০০	
	১৩,৭৯,০০০	১৩,৭৯,০০০

সমন্বয়সমূহ ঃ (১) সমাপনি মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৮০,০০০ টাকা। যার মধ্যে অব্যবহৃত মনিহারি ৪,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। (২) মাসিক ভাড়া প্রদানের হার ৩,০০০ টাকা। (৩) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে ৮,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে, কিন্তু ইহা হিসাব বইতে লেখা হয়নি। মোট বিজ্ঞাপরে 1/4 অংশ অবলোপন করতে হবে। (৪) অনাদায়ী পাওনা সঞ্চিতি আরও ৩,০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে। (৫) কলকজা ও যন্ত্রপাতির উপর ৫%, ভূমি ও দালানকোঠার ওপর ৪% এবং আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক) বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর।

খ) মোট লাভ ৪,১৪,০০০ টাকা ধরে কোম্পানির নিট লাভ বা নিট লোকসান নির্ণয় কর।

গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সিয়াম কোং লি ঃ এর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (ক) ১,৫৬,০০০ টাকা। (খ) ২,৫৩,২০০ টাকা। (গ) ১০,৩৩,২০০ টাকা।

২। রোদেলা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৪,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৫০,০০০	শেয়ার মূলধন (২০,০০০ শেয়ার)	২,০০,০০০
পণ্য ক্রয়	২,৯০,০০০	১০% ঋণপত্র	১,০০,০০০
মজুরি	৪৮,০০০	প্রদেয় হিসাব	৪০,০০০
বেতন (১০ মাস)	৪০,০০০	পণ্য বিক্রয়	৫,০০,০০০
ভাড়া	৪৫,০০০	শিক্ষানবিশ সেলামী	১৮,০০০
অনাদায়ী পাওনা	৩,০০০	অনাদায়ী পাওনা সঞ্চিতি	৪,০০০
প্রাপ্য হিসাব	৮০,০০০	সঞ্চিতি তহবিল	৮০,০০০
আয়কর	৩৮,০০০	রক্ষিত আয় (১.১.২০১৬)	১,৮০,০০০
ব্যাংক জমার উদ্বৃত্ত	৬৫,০০০		
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	৬০,০০০		
ঋণপত্রের অবহার	৩০.০০০		
৮% বিনিয়োগ	২,৮৮,০০০		
সুনাম	৩০,০০০		
আসবাবপত্র	৫৫,০০০		
	১১,২২,০০০		১১,২২,০০০

সমন্বয়সমূহ ঃ (১) সমাপনি মজুদ পণ্য ২,৫০,০০০ টাকায় মূল্যায়ন হয়েছে। (২) সুনামের ১/৫ অংশ আবলোপন কর এবং আসবাবপত্রের উপর ৭% অবচয় ধার্য কর। (৩) প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। (৪) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে। সঞ্চিতি তহবিল ১,০০,০০০ টাকায় উন্নীত করতে হবে এবং ৩০,০০০ টাকা দ্বারা একটি পেনশন তহবিল তৈরি করতে হবে।

ক) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর।

খ) কোম্পানির নিট লাভ ২,৮৩,৩৯০ টলি উক্ত বছরের ৩১ ডিসেম্বর তারিখে রক্ষিত আয় বিবরণী তৈরি কর।

গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর ৩১ আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ও দায়ের মোট পরিমাণ কত?

উত্তর : (ক) ৩,৮০০ টাকা। (খ) ২,৯৫,৩৯০ টাকা। (গ) ৮,০৩,৩৯০ টাকা।

খ – বিভাগ

৩। চারঘাট যুব সংঘের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হল ঃ

প্রাপ্তি ও পদান প্রিদান হিসাব

২০১৬ সালের ৩১ ডিসেম্বের তারিখে সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
প্রারম্ভিক উদ্বৃত্তঃ নগদ ও ব্যাংক	৪১,০০০	বেতন	.১২,০০০
চাঁদা ঃ		ছাপা ও মনিহারি	৩,৫০০
২০১৫	৪,০০০	সাধারণ খরচাবলি	৮,৮০০
২০১৬	৩৮,৫০০	টেলিফোন খরচ	১,৪০০
২০১৭	৫,০০০	আসবাবপত্র ক্রয় (১.৭.২০১৬)	২০,০০০
অনুদান	২০,০০০	দান খয়রাত	৩০,০০০
উইলকৃত সম্পদ	৩৫,০০০	ভাড়া (৩/৪ অংশ প্রদত্ত)	২৪,০০০
বিনিয়োগের সুদ	৫,০০০	সমাপনি উদ্বৃত্তঃ	
পুরাতন কাগজ বিক্রি	১,০০০	নগদ ও ব্যাংক জমা	৪৯,৮০০
	১,৪৯,৫০০		১,৪৯,৫০০

অন্যান্য তথ্যাবলি : (১) ১ জানুয়ারি ২০১৬ তারিখে ক্লাবের দালান কোঠা ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ১০% বিনিয়োগ পরিমাণ ছিল ৮০,০০০ টাকা। (২) বিগত বছরের বকেয়া বেতন ২,৫০০ টাকা চলতি বছরে পরিশোধ করা হয়েছে। পক্ষান্তরে চলতি বছরে বেতন বাবদ ৪,০০০ টাকা অপরিশোধিত রয়েছে। (৩) ছাপা ও মনিহারি খরচ বাবদ ৫০০ টাকা বকেয়া আছে। কিন্তু সাধারণ খরচাবলি বাবদ ৮০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। (৪) অত্র ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪০০ জন এবং চাঁদা প্রদানের হার জন প্রতি মাসিক ১০০ টাকা। (৫) দালানকোঠার ৫% এবং আসবাবপত্রের উপর ১০% অরচয় ধার্য কর।

ক) প্রারম্ভিক মূলধনের পরিমান নির্ণয় কর।

খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করলে মোট ব্যয়ের পরিণ কত?

গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মোট সম্পদের পরিমাণ কত?

উত্তর : (ক) ২,৯২,৫০০ টাকা। (খ) ৯৯,৪০০ টাকা। (গ) ৩,১৪,৬০০ টাকা।

৪। ইমন, রাজন, মোহন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাঁদের লাভ লোকসানের অনুপাত যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে অংশীদারগণের মূলধন ছিল ইমন ২,৫০,০০০ টাকা রাজন, ২,০০,০০০ টাকা এবং মোহন ১,৫০,০০০ টাকা। ইমন এবং মোহন তাঁদের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসায় হতে যথাক্রমে ৫,০০০ টাকা এবং ৪,০০০ টাকা করে মাসিক বেতন পাবেন যা তাঁরা নগদে গ্রহণ করেছেন। মূলধন এবং উত্তোলন উভয়ের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে ইমন, রাজন এবং মোহন ব্যবসা হতে যথাক্রমে ৯,০০০ টাকা, ৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকা করে নগদ উত্তোলন করেছিলেন। ইমন এবং রাজন যৌথভাবে মোহনকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছিলেন যে, মোহন তাঁর বেতন এবং মূলধনের সুদ ছাড়াও মুনাফার অংশ বাবদ বছরে কমপক্ষে ৩৬,০০০ টাকা পাবেন।
উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের মুনাফা ২,৫৫,১৭৫ টাকায় উপনীত হয়।

ক) অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর।

খ) লাভ-লোকসান আবন্টন হিসাবে মোট ব্যয় এবং মোট আয়ের পরিমাণ কত?

গ) অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর।

উত্তর : (ক) ২,৪৭৫ টাকা; ১,৩৭৫ টাকা ও ১,৩৭৫ টাকা। (খ) ১,৩৮,০০০ টাকা ও ২,৬০,৪০০ টাকা। (গ) ২,০৩,৮৬৫ টাকা; ১,৮৩,২৭৫ টাকা ও ১,৩২,১২৫ টাকা।

৫। ববি লি ঃ এর বিশদ আয় বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিচে উল্লেখ করা হল ঃ

বিশদ আয় বিবরণী

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য প্রস্তুতকৃত

বিবরণ	টাকা	টাকা
বিক্রয়		৩০,০০,০০০
বাদ : খরচসমূহ ঃ		
পরিচালন খরচ (অবচয় ব্যতীত)	২০,০০,০০০	
যন্ত্রপাতির অবচয় খরচ	১,৯০,০০০	
সুদ খরচ	১,৪০,০০০	
যন্ত্রপাতি বিক্রয়ের ক্ষতি	৭৫,০০০	২৪,০৫,০০০
নিট মুনাফা		৫,৯৫,০০০

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণীর কয়েকটি বিষয় নিম্নরূপ :

বিবরণ	২০১৬ টাকা	২০১৫ টাকা
প্রাপ্য হিসাব	৩,৫০,০০০	৩,১০,০০০
মজুদ পণ্য	১,০০,০০০	৮০,০০০
প্রদেয় হিসাব	১,৮০,০০০	১,৫০,০০০
প্রদেয় খরচ	৬০,০০	৭০,০০০
যন্ত্রপাতি	৪,০০,০০০	৫,০০,০০০

সমন্বয়সমূহ : ১,৫০,০০০ টাকা মুল্যের যন্ত্রপাতি ৭৫,০০০ টাকা ক্ষতিতে বিক্রয় করা হয়েছে।

ক) অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় কর।

খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।

গ) চলতি বছরে যন্ত্রপাতি ক্রয় বাবদ নগদ বহিঃ প্রবাহের পরিমাণ কত ?

উত্তর : (ক) ২,৬৫,০০০ টাকা। (খ) ৮,২০,০০০ টাকা। (গ) ৫০,০০০ টাকা।

৬। সেলিম ইস্পাত লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ২৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি উহার ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি মোট ৩৮,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবন্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত দেওয়া হল। শেয়ার প্রতি ১ টাকা অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করা হল। ইহা ছাড়া কোম্পানি ৩,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে ইহার মূল্য বাবদ ৩,০০০ শেয়ার প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ইস্যু করেন।

ক) অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর।

খ) কোম্পানির বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও ।

গ) ব্যাংক জমার উদ্বৃত্ত ১৬,০৫,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৩০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা। (খ) জাবেদার যোগফল ৪৫,২৫,০০০ টাকা। (গ) ১৯,৫০,০০০ টাকা।

৭। তাওহিদ কোম্পানি লিমিটেড এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপঃ

আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর, ২০১৬

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	১৬,০০,০০০	যন্ত্রপাতি	৩,০০,০০০
সংরক্ষিত আয় বিবরণীর জের	৪,৩০,০০০	ভূমি ও দালানকোঠা	১৫,২০,০০০
১৩% ঋণ	৫,৭৫,০০০	আসবাবপত্র	২,৭০,০০০
প্রদেয় হিসাব	২,৭৫,০০০	১২% বিনিয়োগ	১,৫০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৭৫,০০০	মজুদ পণ্য	৩,০০,০০০
বকেয়া দায়সমূহ	৩০,০০০	প্রাপ্য হিসাব	৩,২৫,০০০
		হাতে নগদ	১,২০,০০০
	২৯,৮৫,০০০		২৯,৮৫,০০০

অন্যান্য তথ্যাবলি : চলিতি বছরে বিক্রয়ের পরিমাণ ২২,০০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয় ১৬,৫০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ২,৫০,০০০ টাকা।

ক) কার্যকরী মুলধনের পরিমাণ নির্ণয় কর।

খ) কোম্পনির চলতি অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করে আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে মন্তব্য কর।

গ) কোম্পানির মোট লাভ অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। (মন্তব্য কর)

উত্তর : (ক) ৩,৬৫,০০০ টাকা। (খ) ১.৯৬ : ১। (গ) ২৫% ও ৬ বার।

৮। পনির সোপ কারকানার ২০১৬ সালের মার্চ মাসের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিচে উল্লেখ করা হলো :

বিবরণ	টাকা
কাঁচামাল ক্রয়	১২,০০,০০০
প্রত্যক্ষ মজুরি	৫,০০,০০০
কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ মজুরি ৭৫%)	
প্রশাসনিক উপরিব্যয় (উৎপাদন ব্যয়ের ১৫%)	
তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ ৮,০০০ একক	২,৫০,০০০
তৈরি পণ্যের সমাপনি মজুদ ১৩,০০০ একক	
বিক্রয় ৮০,০০০ একক	৩০,০০,০০০

ক) উৎপাদিত পণ্যের এককের পরিমাণ নির্ণয় কর।

খ) বিশদ আয় বিবরণী নির্ণয়পূর্বক নিট মুনাফা নির্ণয় কর। কোম্পানি ১টি পণ্য সরবরাহ করতে চায় যার উৎপাদনের জন্য কাঁচামাল দরকার হবে ৬০,০০০ টাকা এবং মজুরি দরকার হবে ৪০,০০০ টাকা। কারখানার উপরিব্যয় ও প্রশাসনিক উপরিব্যয় পূর্বে হারের চার্জ করতে হবে। কোম্পানি মোট ব্যয়ের উপর ২০% মুনাফা করতে চায়।

গ) উক্ত দরপত্রের মূল্য কত হবে ?

উত্তর : (ক) ৮৫,০০০ একক (খ) নিট মুনাফা ৬,৮১,১০৩ টাকা। (গ) ১,৭৯,৪০০ টাকা।

৯। একটি অফিসের ৩ জন কর্মচারীর ২০১৬ সালের জুলাই মাসের বেতন সংক্রান্ত তথ্য নিম্নে দেওয়া হলঃ

বিবরণ	আজম	আরিফ	আব্দুল্লাহ
উপার্জনসমূহঃ			
মূল বেতন	৮,৫০০	৭,৫০০	৭,০০০
বাড়ি ভাড়া (মূল বেতনের)	৫০%	৪০%	৪০%
চিকিৎসা ভাতা (মূল বেতনের)	৫%	৫%	৫%
মহার্ঘ ভাতা (মূল বেতনের)	২৫%	২০%	১৫%
বোনাস (মূল বেতনের)	২০%	২০%	২০%
কর্তনসমূহঃ			
প্রভিডেন্ট ফান্ড (মূল বেতনের)	১০%	১০%	১০%
কল্যাণ তহবিল	১০০	৭৫	৭৫
আয়কর (মূল বেতনের)	২%	২%	২%

ক) প্রত্যেক কর্মচারীর মহার্ঘ ভাতার পরিমাণ নির্ণয় কর।

খ) উপরিউক্ত তথ্যাবলি হতে একটি বেতন বিবরণী তৈরি কর।

গ) বেতন সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও ।

উত্তর : (ক) ২,১২৫ টাকা, ১,৫০০ টাকা ও ১,০৫০ টাকা। (খ) নিট মজুরি ১৫,৮৮০ টাকা; ১২,৯০০ টাকা ও ১১,৬৮৫ টাকা।

১০। তাবাস্‌সুম পারফিউম লি ঃ মজুদ বিভাগ নিম্নেকত তথ্য উপস্থাপন করেছেঃ

তারিখ		বিবরণ	একক	একক প্রতি দর (টাকা)
২০১৬				
জুন	১	প্রারম্ভিক মজুদ	১,২০০	৫.৫০
	৩	ক্রয়	১,০০০	৬.৬০
	৮	ইস্যু	৬০০	
	১২	ইস্যু	৭০০	
	১৪	কারখানা হতে ফেরত	৩০০	
	১৮	ইস্যু	৯০০	
	২১	ক্রয়	২,১০০	৬.৭৫
	২৩	ইস্যু	১,৬০০	
	৩০	সমাপনি মজুদ	৭০০	

ক) ঘাটতি অথবা উদ্বৃত্ত মালের পরিমাণ নির্ণয় কর।

খ) জুন ১, ৩, ১২, ১৪ এবং ২৩ তারিখের লেনদেন অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান নির্ণয় কর।

গ) জুন ১, ৩, ১৮, ২১ এবং ২৩ তারিখের লেনদেন অবলম্বনে LIFO পদ্ধতিতে মাল খতিয়ান নির্ণয় কর।

উত্তর : (ক) উদ্বৃত্ত ১০০ একক (খ) মজুদ ২০০ একক, মূল্য ১,৩২০ টাকা। (গ) মজুদ ১,৮০০ একক, মূল্য ১০,৬৩৫ টাকা।

১১। অর্নব লিঃ এটি খাতা প্রস্তুতকারী প্রতিষ্ঠান। নিম্নে প্রতিষ্ঠানের উৎপাদন এবং বিক্রয় সংক্রান্ত তথ্য দেওয়া হলঃ

উৎপাদনের পরিমাণ	৩০,০০০ একক
একক প্রতি পরিবর্তনশীল ব্যয়	৪ টাকা
স্থির ব্যয়	৬০,০০০ টাকা
একক প্রতি বিক্রয় মূল্য	৮ টাকা

ক) সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় কর।

খ) প্রতিষ্ঠানের নিট লাভ এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় কর ।

গ) যদি পরিবর্তনশীল ব্যয় ২৫% বৃদ্ধি পায় তাহলে সমচ্ছেদ বিন্দু (টাকায়) পূর্বের চেয়ে কত হ্রাস বা বৃদ্ধি পাবে।

উত্তর : (ক) ১,২০,০০০ টাকা। (খ) ৬০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা। (গ) সমচ্ছেদ বিন্দু ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট   পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। অব্যবসায়ী প্রতিষ্ঠানের উদ্দেশ্য কোনটি ?
(ক) মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্য ক্রয় বিক্রয় করা (খ) মুনাফা অর্জানের উদ্দেশ্যে পণ্য উৎপাদন ও বন্টন করা
(গ) সদস্যদের সেবা ও জনকল্যাণমূলক কাজ (ঘ) শেয়ার ও ঋণপত্র ক্রয় –বিক্রয় করা

২। চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারে মুনাফা বন্টন করা হয় কিভাবে ?
(ক) সমানুপাতিক হারে (খ) মূলধন অনুযায়ী (গ) যোগ্যতা অনুযায়ী (ঘ) বয়স অনুযায়ী

৩। ক্রয়ের পরিমাণ নির্ণয়ে বিক্রিত পণ্যের ব্যয়ের সাথে কোনটি বিয়োগ করতে হয় ?
(ক) প্রারম্ভিক মজুদ পণ্য (খ) সমাপনি মজুদ পণ্য (গ) মোট মুনাফা (ঘ) নিট মুনাফা

৪। যে সকল খরচ ব্যবসায়িক কারণে সংঘটিত হয় না তাকে কোন ব্যয় বলা হয় ?
(ক) বিক্রয় ব্যয় (খ) বিক্রীত পণ্যের ব্যয় (গ) পরিচালন ব্যয় (ঘ) অপরিচালন ব্যয়

নিচের উদ্দীপকটি পড়ে এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ

প্রাণ কোম্পানি লিমিটেড ২০১৪ সালের ১ জানুয়ারি ৫,৭৫,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে এর সংস্থাপন বাবদ ২৫,০০০ টাকা খরচ করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনের ভগ্নাবশেষ মূল্য হবে ১,০০,০০০ টাকা। ২০১৬ সালে ৩১ ডিসেম্বর মেশিনটি ১,৫০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

৫। মেশিনটির ব্যয়ের পরিমাণ কত টাকা ?
(ক) ৪,৫০,০০০ (খ) ৫,৭৫,০০০ (গ) ৬,০০,০০০ (ঘ) ৮,৫০,০০০

৬। মেশিনটির নিজ্জত ব্যয়ের পরিমাণকত টাকা ? [সঠিক উত্তর ৫,০০,০০০ টাকা]
(ক) ১,২৫,০০০ (খ) ১,৭৫,০০০ (গ) ৩,০০,০০০ (ঘ) ৪,৫০,০০০

৭। কার্যকরী মূলধন বলতে বোঝায়–
(ক) মালিক কর্তৃক বিনিয়োজিত মূলধন (খ) মূলধন বাদ উত্তোলন
(গ) চলতি সম্পত্তি বাদ চলতি দায় (ঘ) স্থায়ী সম্পত্তি বাদ চলতি সম্পত্তি

৮। যে সকল মাল তাড়াতাড়ি বিনষ্ট হয় মজুদ পণ্য হিসাবরক্ষণে সে সব ক্ষেত্রে কোন পদ্ধতি অধিক উপযোগী ?
(ক) আগে আসলে আগে যাবে পদ্ধতি (খ) পরে আসলে আগে যাবে পদ্ধতি
(গ) অবিরত মজুদ পদ্ধতি (ঘ) ভারযুক্ত গড় পদ্ধতি

৯। নিচের কোনটি ব্যয় ?
(ক) অফিস ভাড়া (খ) যন্ত্রপাতি ক্রয় (গ) উপযোগ খরচ (ঘ) বিক্রয় খরচ

১০। আমুনাফাভোগী অ– ব্যবসায়ী প্রতিষ্ঠানে ?
(i) সেবা দান করে (ii) মালিক থাকে না (iii) শেয়ার থাকে **নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। ব্যয়াতিরিক্ত আয় হয়--
(ক) মোট আয় মোট ব্যয়ের চেয়ে বেশি হলে (খ) মোট ব্যয় মোট আয়ের চেয়ে বেশি হলে
(গ) মোট মুনাফাজাতীয় আয় মোট মুনাফা জাতীয় ব্যয়ের চেয়ে বেশি হলে
(ঘ) মোট মুনাফা জাতীয় ব্যয় মোট মনাফা জাতীয় আয়ের চেয়ে বেশি হলে

১২। কামাল ও লোটাস কারবারের মুনাফা ২ঃ১ অনুপাতে বন্টন করে থাকে। বছর শেষে তাদের মূলধনের জের যথাক্রমে ১,০০,০০০ ও ১,৮০,০০০ টাকা। বছর শেষে কারবারের নিট লাভ ২৪,০০০ টাকা। কামাল ও লোটাসের এর প্রারম্ভিক মূলধন কত টাকা ?
(ক) ১,১৬,০০০ ও ১,৮৮,০০০ টাকা (খ) ৮৪,০০০ ও ১,৭২,০০০ টাকা
(গ) ১,০৮,০০০ ও ১,৯৬,০০০ টাকা (ঘ) ১,২৪,০০০ ও ২,০৪,০০০ টাকা

১৩। নিচের কোনটি ব্যয় অর্থসংস্থান কার্যক্রমের অন্তর্ভুক্ত ?
(ক) সরঞ্জাম ক্রয় (খ) সরঞ্জাম বিক্রয় (গ) লভ্যাংশ প্রদান (ঘ) প্রাপ্য হিসাব হ্রাস

১৪। প্রত্যক্ষ কাঁচামাল ১০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৭,০০০ টাকা, পরোক্ষ মজুরি ৫,০০০ টাকা ও প্রত্যক্ষ খরচ ৩,০০০ টাকা হলে মুখ্য ব্যয় কত টাকা ?
(ক) ১৫,০০০ (খ) ১৭,০০০ (গ) ২০,০০০ (ঘ) ২৫,০০০

নিচের উদ্দীপকটি পড়ে এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ

তাফসিয়া কোম্পানি বিক্রয়ের পরিমাণ ১২,০০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৮০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৪০,০০০ টাকা, মোটলাভ ৪,০০,০০০ টাকা ও নিটলাভ ১,৫০,০০০ টাকা।

১৫। কোম্পানির মোটলাভ অনুপাত কত ?

(ক) ১৩.৮৮%　(খ) ৩৩.৩৩%　(গ) ৩৫.৭১%　(ঘ) ৩৭.০৩%

১৬। মোটলাভ অনুপাত দ্বারা যাচাই করা হয় প্রতিষ্ঠানের--

(ক) আর্থিক সচ্ছলতা　(খ) ব্যবস্থাপকীয় দক্ষতা　(গ) মুনাফা অর্জন ক্ষমতা　(ঘ) ঋণ পরিশোধের ক্ষমতা

১৭। বিন কার্ডে যুক্ত থাকে---

(i) মালের পরিমাণ　(ii) মালের মূল্য　(iii) মালের আবর্তন　**নিচের কোনটি সঠিক ?**

(ক) i ও ii　(খ) i ও iii　(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৮। উৎপাদন প্রক্রিয়া অব্যহত রাখার জন্য যে পরিমাণ মাল সর্বদায় মজুদ রাখা হয় তাকে কি বলে ?

(ক) সর্বোচ্চ সীমা　(খ) সর্বনিম্ন সীমা　(গ) গড় মজুদ　(ঘ) নিরাপত্তা মজুদ

১৯। সমচ্ছেদ বিন্দুতে কোনটি সঠিক ?

(ক) মোট বিক্রয় মোট খরচের সমান হয়　(খ) মোট বিক্রয় পরিবর্তশীল ব্যয়ের সমান হয়

(গ) মোট বিক্রয় স্থায়ী ব্যয়ের সমান হয়　(ঘ) মোট বিক্রয় মুনাফার সমান হয়

২০। পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয়ের ক্ষেত্রে --

(ক) স্থায়ী সম্পদ হ্রাস যোগ করা হয়　(খ) চলতি সম্পদ হ্রাস যোগ করা হয়

(গ) চলতি সম্পদের বৃদ্ধি যোগ করা হয়　(ঘ) স্থায়ী সম্পদ বিক্রয়ের লাভ যোগ করা হয়

২১। অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস্য কি ?

(ক) সরকারি অর্থ　(খ) চাঁদা ও অনুদান　(গ) ব্যাংক ঋণ　(ঘ) বিনিয়োগ

২২। অংশীদারি চুক্তিতে উত্তোলনের উপর সুদ ধার্যের কথা উল্লেখ না থাকলে সুদের হার কত হবে ?

(ক) ৬.৫%　(খ) ৬%　(গ) ৫.৫%　(ঘ) ০%

২৩। কোম্পানির শেয়ার অধিহার--

(ক) মুনাফা জাতীয় আয়　(খ) মূলধন জাতীয় আয়　(গ) মুনাফা জাতীয় ব্যয়　(ঘ) মূলধন জাতীয় ব্যয়

২৪। চলতি অনুপাতের আদর্শমান ২ ঃ ১ বলতে বুঝায়--

(ক) প্রতি ১ টাকা দায়ের বিপরীতে ২ টাকা সম্পদ　(খ) প্রতি ২ টাকা দায়ের বিপরীতে ১ টাকা সম্পদ

(গ) প্রতি ১ টাকা আয়ের বিপরীতে ২ টাকা ব্যয়　(ঘ) প্রতি ২ টাকা আয়ের বিপরীতে ১ টাকা ব্যয়

নিচের উদ্দীপকটি পড়ে এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ

রিমিক্রি লিমিটেড ২০টাকা মূল্যে ৫০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি তার মধ্য হতে ৮,৫০০ শেয়ার ২,৭৫,০০০টাকার একটি দালানকোঠা ও ১,৮০,০০০টাকার ভূমির বিনিময়ে ইস্যু করে। এছাড়াও ৫,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে নগদ অর্থ গ্রহন করে।

২৫। বছর শেষে কোম্পানির পরিশোধিত মূলধন কত টাকা ?

(ক) ২,৭০,০০০ টাকা　(খ) ৪,৫৫,০০০ টাকা　(গ) ৫,৫৫,০০০ টাকা　(ঘ) ১০,০০,০০০ টাকা

২৬। কোম্পানির উদ্বর্ত পত্রের সম্পদ পার্শ্বের যোগফল কত টাকা ?

(ক) ২,৭০,০০০ টাকা　(খ) ২,৮৫,০০ টাকা　(গ) ৫,৫৫,০০০ টাকা　(ঘ) ১০,০০,০০০ টাকা

২৭। মোট মজুরি হতে কর্তন করা হয়---

(i) প্রভিডেন্ট ফাঁন্ডে নিয়োগকর্তার দান (ii) প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান (iii) কল্যাণ তহবিলে কর্মীর দান　**নিচের কোনটি সঠিক ?**

(ক) i ও ii　(খ) i ও iii　(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২৮। কেন ব্যয় মোট পরিমাণে স্থির থাকে কিন্তু একক পরিমাণে বাড়ে কমে--

(ক) কালীন ব্যয়　(খ) স্থায়ী ব্যয়　(গ) পরিবর্তশীল ব্যয়　(ঘ) আধা-পরিবর্তশীল ব্যয়

২৯। সমচ্ছেদ বিক্রয়ের পরবর্তী এক একক পণ্য বিক্রয়ের মুনাফা কার সমান হয় ?

(ক) স্থায়ী ব্যয়ের　(খ) পরিবর্তশীল ব্যয়ের　(গ) বিক্রয় মূল্যের　(ঘ) কন্ট্রিবিউশন মার্জিনের

৩০। আকাশ কোম্পানি শেয়ারহোল্ডারদের জন্য চলতি বছরে ১,০০,০০০ টাকার লভ্যাংশ ঘোষণা করল। এই লভ্যাংশ কোম্পানির --

(ক) সম্পত্তি　(খ) দায়　(গ) ব্যয়　(ঘ) আয়

উত্তরপত্র

১। গ	২। ক	৩। ক	৪। ঘ	৫। গ	৬।	৭। গ	৮। ক	৯। খ	১০। ক	১১। ঘ	১২। খ	১৩। গ	১৪। গ	১৫। খ
১৬। গ	১৭। খ	১৮। ঘ	১৯। ক	২০। খ	২১। খ	২২। ঘ	২৩। খ	২৪। ক	২৫। ক	২৬। গ	২৭। গ	২৮। খ	২৯। ঘ	৩০। খ